22

দৈনিক জনকণ্ঠ

তারিখ ... SEP 16 1999

পৃষ্ঠা ৪ কলাম ২

## নামকরণ নিয়ে জটিলতা ॥ ফকিরহাট কলেজ অনির্দিষ্ট কালের জন্য বন্ধ

স্টাফ রিপোর্টার, খুলনা অফিস ॥ নামকরণ জটিলতায় বাগেরহাটের ফকিরহাট কাজী আজহার আলী কলেজের শিক্ষা কার্যক্রম মুখ থুবড়ে পড়েছে। কলেজটি অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। শতাধিক ডিগ্রী পরীক্ষার্থীর ফরম পূরণ অনিশ্চিত হয়ে পড়েছে। এমনকি নামকরণ জটিলতায় বন্ধ হয়ে গেছে শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতা।

জানা গেছে, সাবেক স্বরাষ্ট্র ও শিক্ষা সচিব কাজী আজহার আলী ক্ষমতায় থাকাকালে ফকিরহাট কলেজের নামকরণ হয় কাজী আজহার আলী কলেজ। কলেজে তার বিভিন্ন অবদানের জন্য ফকিরহাট থানাবাসী এই নামকরণকে স্বাগত জানায়। কিন্তু কাজী আজহার আলীর সঙ্গে সাবেক উপজেলা চেয়ারম্যান শেখ আলী আহমদের বিরোধ দীর্ঘদিনের। কলেজের পুরনো নাম বহালের জন্য আদালতের আশ্রয় নেন শেখ আলী আহমদ। গত ২২ আগস্ট বাগেরহাট জজ কোর্ট পূর্বের ফকিরহাট কলেজ নাম বহাল রাখার পক্ষে রায় দেয়। তাছাড়া আদালত কাজী আজহার আলী কলেজ নাম ব্যবহার না করার জন্য নিষেধাজ্ঞা জারি করে। জজ কোর্টের রায়ের বিরুদ্ধে কাজী আজহার আলী উচ্চ আদালতে আপীল করেন। এমতাবস্থায় প্রশ্ন উঠেছে কোন্ নাম বহাল থাকবে– এই প্রশ্নে স্থানীয় আওয়ামী লীগ দ্বিধাবিভক্ত হয়ে পড়েছে।

সাবেক স্বরাষ্ট্র, বাণিজ্য ও পররাষ্ট্রমন্ত্রী মরহুম এএসএম মোস্তাফিজুর রহমানের নামে বাগেরহাটের ফকিরহাট কাজী আজহার আলী কলেজের বর্ধিত ভবনে স্থাপিত নামফলকটি সম্প্রতি কিছু উচ্ছৃঙ্খল লোক ভেঙ্গে ফেলেছে। এ ব্যাপারে বিএনপি, ছাত্রদল ও যুবদল ছাড়াও বাগেরহাটের সাধারণ মানুষের মধ্যে প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে। এই নামফলক পুনরায় স্থাপন ও দোষীদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়ে স্থানীয় বিএনপি, যুবদল ও ছাত্রদল নেতৃবৃন্দ বিবৃতি দিয়েছেন। —